

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২২৯

পর্ব-৯: দু'আ (তা وكتاب الدعوات)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الْأُوَّلُ

### আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَدْعُوا عَلَى أَنْفُسِكُمْ وَلَا تَدْعُوا على أَوْلَادكُم لَا تُوَافِقُوا مِنَ اللَّهِ سَاعَةً يُسْأَلُ فِيهَا عَطَاءً فَيَسْتَجِيبَ لَكُمْ» . رَوَاهُ مُسْلِمٌ

وَذَكَرَ حَدِيثَ ابْنِ عَبَّاسٍ: «اتَّقِ دَعْوَةَ الْمَظْلُومِ» . فِي كِتَابِ الزَّكَاة

#### বাংলা

২২২৯-[৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের নিজেদের জন্য বন্দু'আ করো না বন্দু'আ করো না তোমরা তোমাদের সন্তান-সন্ততির জন্য, বন্দু'আ করো না তোমরা তোমাদের ধন-সম্পদের জন্য; আর বন্দু'আটি এমন এক সময়ের সাথে মিলিত হয়ে যায় যে সময় আল্লাহর কাছে কোন কিছু চাওয়া হয়, আর আল্লাহ তখন তা কবূল করেন। (মুসলিম; আর ইবনু 'আব্বাস-এর হাদীসে যাকাত পর্বে উল্লেখ করা হয়েছে ''মায়লুমের বন্দু'আ হতে বেঁচে থাকো'')[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৩০০৯, আবূ দাউদ ১৫৩২, সহীহ আত্ তারগীব ১৬৫৪, সহীহ আল জামি' ১৫০০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ বিষয়টি মহিলাদের ভিতরে বেশি লক্ষণীয়। তারা একটু কিছু হলেই তাদের সন্তানদের বদ্দু'আ করে থাকে। এটা মোটেও ঠিক নয়। অত্র হাদীসে এ বিষয়ে কঠোর নিষেধাজ্ঞা বর্ণিত হয়েছে।

(لَا تَدْعُوْا عَلَى اَنْفُسِكُمْ وَلَا تَدْعُوْا عَلَى اَنْفُسِكُمْ وَلَا تَدْعُوْا عَلَى اَوْلَادِكُمْ) অর্থাৎ- কেননা তোমাদের বন্ধু আগুলো দু আ কবূলের সময়ের সাথে হয়ে যেতে পারে। তখন এরূপ দু আ কবূল হয়ে গেলে তোমরা লজ্জিত হবে। সূতরাং তোমরা কল্যাণময়



দু'আ ছাড়া বদ্দু'আ করবে না।

(أَمُوالِكُم) 'আল্লামা মুল্লা 'আলী কারী হানাফী (রহঃ) বলেন, এখানে (أَمُوالِكُم) তথা সম্পত্তি দ্বারা উদ্দেশ্য হলো কর্মচারী বা চাকর-চাকরাণী। অর্থাৎ- এদের উপর রাগ করে তাদের মৃত্যু চেয়ে বদ্ধু'আ করো না। 'আল্লামা 'উবায়দুল্লাহ মুবারকপূরী (রহঃ) বলেন, আবু দাউদ-এর এক রিওয়ায়াতে (وَلَا تَدْعُوا عَلَى خَدْمِكُمْ) উল্লেখ আছে।

(دَعْوَةَ الْمَظْلُومِ) অর্থাৎ- কারো ওপর যুলম করো না। কারো জিনিস ছিনিয়ে নিও না বা কাউকে তার প্রাপ্য থেকে বঞ্চিত করো না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন